

মেডিকলে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ফের পরীক্ষার দাবিতে বিক্ষোভ মানববন্ধন

■ সমকাল প্রতিবেদক

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তুলে মেডিকেল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা বাতিল করে ফের পরীক্ষা নেওয়ার দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। দাবি আদায়ে গতকাল শনিবার রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকরা। তবে ভর্তি পরীক্ষা বাতিলের কোনো পরিকল্পনা সরকারের নেই বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান। তিনি বলেন, সারাদেশে সৃষ্টভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এখন দ্রুততম সময়ের মধ্যে ফল প্রকাশের প্রস্তুতি চলছে।

গতকাল বিকেলে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন-পরবর্তী সমাবেশে শিক্ষার্থীরা বলেন, প্রশ্নপত্র ফাঁসের কারণে এ পরীক্ষা সব গ্রহণযোগ্যতা হারিয়েছে। সংঘবদ্ধ দুর্ভেদ্য প্রশ্নপত্র বাণিজ্যের কারণে মেধাবী শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা। মানববন্ধনে আদানান হোসেন, সুমইয়া আক্তার, এহসান হক, আবু বকর সিদ্দিকসহ প্রায় অর্ধশত ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশ নেন।

রাজশাহী ব্যুরো জানায়, গতকাল শনিবার দুপুর ১২টার দিকে রাজশাহী মেডিকেল কলেজের সামনে বিক্ষোভ সমাবেশে অবিলম্বে ভর্তি পরীক্ষা বাতিলের আহ্বান জানান ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। অন্যথায় আজ রোববার সকাল থেকে আমরণ অনশনে যাওয়ার হুমকি দিয়েছেন আন্দোলনকারীরা।

বরিশাদ ব্যুরো জানায়, প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে মেডিকেল ও ডেন্টাল কলেজের অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে কয়েকশ শিক্ষার্থী নগরীতে মানববন্ধন, বিক্ষোভ মিছিল এবং

■ পৃষ্ঠা ১৭ : কল্যাণ

ফের পরীক্ষার

[তৃতীয় পৃষ্ঠার পর]

জেলা প্রশাসকের কাছে আরকলিপি প্রদান করেছেন। এর আগে বরিশাদ প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা বলেন, প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে গুরুত্বপূর্ণ পরীক্ষা গুরুত্ব আণে সকাল ৭টায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহকারী পরিচালকসহ কয়েকজনকে র্যাব গ্রেফতার করে। ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ছড়িয়ে দেওয়া হয়।

সিলেট ব্যুরো জানায়, সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে গতকাল দুপুরে মানববন্ধন পরবর্তী সমাবেশে শিক্ষার্থীরা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তুলে পরীক্ষা বাতিল করে ফের পরীক্ষা নেওয়ার দাবি জানিয়েছেন।

রংপুর অফিস জানায়, রংপুর প্রেস ক্লাব চত্বরে গতকাল বেলা আড়াইটার দিকে মানববন্ধন ও সমাবেশ করেছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। শিক্ষার্থীরা বলেন, সরকারের কঠোর নিরাপত্তা সত্ত্বেও প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এতে কিছু শিক্ষার্থী টাকার বিনিময়ে প্রশ্নপত্র নিয়ে ভালো পরীক্ষা দিয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হক সমকালকে বলেন, সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে একটি কুচক্রী মহল প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তুলেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার্থীদের বিভ্রান্ত করার অপচেষ্টা চালানো হচ্ছে। পরীক্ষা বাতিলের দাবি অবাস্তব জানিয়ে মহাপরিচালক বলেন, পরীক্ষা কেন বাতিল হবে?